# কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, পিরোজপুর

শহীদ ওমর ফারুক সড়ক, পিরোজপুর।
EIIN-139308
পরিচালনায়: জেলা প্রশাসন, পিরোজপুর।

নম্বর- সি.এস.সি.পি/নিয়োগ/২০২২-০১

তারিখ : ২১ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, পিরোজপুরে নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নরূপ শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীর বয়স | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা | বেতন |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী শিক্ষক (গণিত) প্রাথমিক শাখা | ০১ (এক)টি | অনূর্ধ্ব ৪০ বছর | ১.স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। | আলোচনা সাপেক্ষে |
| ০২ | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) নিম্ন মাধ্যমিক শাখা | ০১ (এক)টি | অনূর্ধ্ব ৪০ বছর | ১.স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান/রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড/সমমান<br>অথবা<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। | |
| ০৩ | পরিচ্ছন্নতাকর্মী | ০১ (এক)টি | অনূর্ধ্ব ৪০ বছর | জে.এস.সি/জে.ডি.সি/সমমান। | |
| ০৪ | নিরাপত্তাকর্মী | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৪০ বছর | জে.এস.সি/জে.ডি.সি/সমমান। | |

**শর্তাবলী:**

০১। সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) পদে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০২। আগ্রহী প্রার্থীকে নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্বহস্তে স্পষ্টাক্ষরে পূরণপূর্বক নিম্ন স্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা প্রশাসক, পিরোজপুর এর ওয়েবসাইট www.pirojpur.gov.bd এ পাওয়া যাবে।

০৩। প্রার্থীকে সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। ১ ও ২ নম্বর পদের আবেদনকারীকে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট এবং ০৩ ও ০৪ নং পদের আবেদনকারীকে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট রূপালী ব্যাংক লিমিটেড, পিরোজপুর কর্পোরেট শাখায় অফেরতযোগ্য ও উত্তোলনযোগ্য "সভাপতি, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, পিরোজপুর" এর অনুকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

০৫। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কর্তৃপক্ষ নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে সকল মূল সনদপত্র/কাগজপত্র প্রদর্শন করতে হবে।

০৬। কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের সপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে কিংবা কোন প্রতারণার আশ্রয় নিলে প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। আগামী ২৯/০৯/২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন বিকেল ০৫:০০ মিনিটের মধ্যে সভাপতি, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, পিরোজপুর বরাবর ডাকযোগে/সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল মর্মে গণ্য হবে।

০৮। পরবর্তীতে পত্র যোগে/মোবাইল এসএমএস এর মাধ্যমে পরীক্ষার তারিখ, সময় ও স্থান জানানো হবে। আবেদনপত্রে অবশ্যই বৈধ মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা বা পদ হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। সম্পূর্ণ মেধা, দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। কোন প্রকার তদ্বির, সুপারিশ, অনৈতিক কার্যক্রম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রার্থী অযোগ্য বিবেচিত হবেন।

স্বাক্ষরিত/-
জেলা প্রশাসক
ও
সভাপতি
কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
পিরোজপুর।
ফোন-০৪৬১-৬২৪০০
ই-মেইল-dcpirojpur@mopa.gov.bd

নম্বর- সি.এস.সি.পি/নিয়োগ/২০২২-০১

তারিখ ঃ ২১ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

০১। পুলিশ সুপার, পিরোজপুর।
০২। সিভিল সার্জন, পিরোজপুর।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর।
০৬। মেয়র/প্রশাসক, পিরোজপুর/নেছারাবাদ/মঠবাড়িয়া/ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর/নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়িয়া/ইন্দুরকানী, পিরোজপুর।
০৮। অধ্যক্ষ, সরকারি সোহরাওয়ার্দী কলেজ/সরকারি মহিলা কলেজ/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/আফতাব উদ্দিন কলেজ/তেঁজদাসকাঠী কলেজ, পিরোজপুর।
০৯। সহকারী কমিশনার (ভূমি), পিরোজপুর সদর/নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়িয়া/ইন্দুরকানী, পিরোজপুর।
১০। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/আফতাব উদ্দিন কলেজ/তেঁজদাসকাঠী কলেজ, পিরোজপুর।
১১। জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
১২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিরোজপুর।
১৩। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পিরোজপুর।

(ক্রমিক ০১–১৩) তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪। জেলা তথ্য অফিসার, পিরোজপুর (এ বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৫। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, পিরোজপুর ওয়েবসাইটে এবং ফেসবুক পেইজ-এ প্রকাশ/আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১৬। অধ্যক্ষ, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, পিরোজপুর।

জেলা প্রশাসক
ও
সভাপতি
কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
পিরোজপুর।
ফোন-০৪৬১-৬২৪০০
ই-মেইল-dcpirojpur@mopa.gov.bd